উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

## জুলাই/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ১৩/৭/২০২৩ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধবতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধবতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর জুন/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুন/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুন/২০২৩ মাসের মাসিক,আপ্যায়ন ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুন/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর জুন/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ১১ | জনাব মো: কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২৩ মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- |

| | | |
|---|---|---|
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর জুন/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| ১৩ | উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য জুন/২০২৩ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সমাপ্ত হয়েছে। উপজেলা পরিষদ ভবনের ৪র্থ তলার ৪০২ নং কক্ষটি মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি এর অনুকুলে বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা করেন। ইতিপূর্বের বরাদ্দ বাতিল করে উক্ত অফিসের নামে নতুন করে বরাদ্দ প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। বিভিন্ন ইউনিয়নে ব্রীজ/কালভার্টের চাহিদা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়। যে সকল বাসিন্দাগণ বকেয়া বাসা ভাঁড়া পরিশোধ করেননি তাদেরকে পত্র প্রেরণ করা বিষয়ে আলোচনা করা হয়। গেজেটেড কোয়ার্টারের ৪র্থ তলার বাসিন্দা জনাব জয়নাল মিয়া, দীর্ঘদিন যাবত বিনা ভাড়ায় বসবাস করছেন। জরুরী ভিত্তিতে বকেয়া বাসা ভাঁড়া পরিশোধের জন্য একাধিকবার পত্র প্রেরণ করা হলে বাসা ভাঁড়া পরিশোধ করেননি। যদি কোনো বাসিন্দা আগস্ট/২০২৩ মাসের মধ্যে বকেয়া বাসা ভাঁড়া পরিশোধ না করেন অথবা ইতিপূর্বে যে সকল বাসিন্দা বাসা ভাঁড়া পরিশোধ না করে উপজেলা হতে বদলি হয়ে চলে গেছেন তাদেরকে বকেয়া বাসা ভাঁড়া আদায়ের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর ও উপজেলা/জেলা হিসাব রক্ষণ অফিসে পত্র প্রেরণ করার জন্য আলোচনা করেন। যেহেতু বর্তমানে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ অত্র উপজেলায় বাসা ভাঁড়া নেওয়ার জন্য আগ্রহী তাই সরকারি কর্মকর্তা/কর্মচারী ব্যতিত অন্যান্য বিভাগে কর্মরত বাসিন্দাদেরকে আগামী ০২ মাসের মধ্যে বাসা খালি করার বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষটি জরুরী ভিত্তিতে মেরামত করা হয়েছে। মেরামত বাবদ ১,৫০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১। ৪০২ কক্ষটি মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি এর অনুকুলে বরাদ্দ প্রদান করতে হবে।<br>২. বকেয়া বাসা ভাঁড়া জরুরী ভিত্তিতে আদায় করতে হবে।<br>৩. বকেয়া বাসা ভাঁড়া আদায়ে পত্র প্রেরণ করতে হবে।<br>৪. ৪র্থ তলার বাসিন্দা জনাব জয়নাল মিয়া আগামী ০২ মাসের মধ্যে বকেয়া বাসা ভাঁড়া পরিশোধক্রমে বাসা ছেড়ে দিবেন।<br>৫.উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষটি জরুরী ভিত্তিতে মেরামত করা হয়েছে। মেরামত বাবদ ১,৫০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ এঁর পক্ষে জনাব ডাঃ ফাতেহা বেগম, জানান যে, বর্হিবিভাগের মাধ্যমে আগত রোগীদের সেবা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে জানান যে, দামোদরতোপী আশ্রয়ণ প্রকল্পের কাজ শুরু করা হয়েছে। এছাড়া মুজিব বর্ষের ঘর ও বীর নিবাসের ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),সুনামগঞ্জ নির্বাহী প্রকৌশলী,এলজিইডি, সুনামগঞ্জ এবং উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ | ১। কাজের গুনগত মান বজায় রেখে ৫০ টি গৃহ নির্মাণ কাজ আগামী সেপ্টেম্বর/২০২৩ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | দামোদরতোপী আশ্রয়ণ প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে জানান যে, মাটির কম্প্রেকশনের কাজ সম্পন্ন হওয়ায় গৃহ নির্মাণ কাজ চলমান রাখা যেতে পারে। | | |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান বরাদ্দকৃত টিউবওয়েলের কাজ চলমান রয়েছে। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল ভবন মেরামতের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ভূমি বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরে উপযুক্ত খালি জায়গায় বিধি মোতাবেক অনুমোদন সাপেক্ষে ভবন নির্মাণের বিষয়ে উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন। | উপজেলা পরিষদের অভ্যন্তরে উপযুক্ত খালি জায়গায় বিধি মোতাবেক উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল ভবন নির্মাণ করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান । উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মানের জন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট উপযোগী জায়গা দেওয়ার জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে উপযোগী স্থান নির্বাচন করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ কর্মকর্তা শান্তিগঞ্জ সবাইকে শুভেচ্ছা জানান। অত্র উপজেলায় নতুন যোগদান করায় সবার সহযোগিতা কামনা করেন। আগামী ২৪ জুলাই-৩০ জুলাই/২০২৩ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে অবৈধ কারেন্ট জাল বিনষ্ট করার জন্য প্রয়োজনীয় মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। সবাইকে মৎস্য সপ্তাহের কর্মসূচীতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করেন। | ২৪ জুলাই-৩০ জুলাই/২০২৩ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন সুষ্টুভাবে সম্পন্ন করতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জানান যে, বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন করা হবে। উক্ত দিবসে শ্রেষ্ট কর্মচারীকে সম্মাননা প্রদান করা হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা শান্তিগঞ্জ কর্মকর্তা, শান্তিগঞ্জ পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে কোরবানির পশুর হাটে পর্যাপ্ত মেডিকেল টিম কাজ করেছে। চেয়ারম্যান দরগাপাশা ও পাথারিয়া ইউপি জানান যে, কোরবানির পশুর হাটে পর্যাপ্ত মেডিকেল টীম থাকায় গরু কেনা বেচায় সুবিধা হয়েছে। বিষয়টি নিশ্চি করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। প্রায়শই বিদ্যু না থাকায় ডাবরস্থ প্রাণীসম্পদ অফিস একটি সোলারের ব্যবস্থা গ্রহণ ও নিরাপত্তা জোরদার করার জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকষণ করেন। এছাড়া উপজেলা প্রাণী সম্পদ অফিসের প্রবেশের রাস্তা প্রশস্থ করণ ও একটি গ্যারেজ নির্মাণের জন্য কার্যপত্রসহ উপস্থাপন করেন। | ১) ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সোলারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। নিরাপত্তার বিষয়টি মাসিক আইনশৃংখলার সভায় উপস্থাপন করতে হবে। | ১) উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। যে সকল বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজ প্রয়োজন সে সকল বিদ্যালয়ে প্রাক্কালনপ্রস্তুত করে অনুমোদন করতে হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করা হয়। ৩১ জুলাইয়ের মধ্যে ইউপি পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক ফুটবল প্রতিযোগিতা সম্পন্ন করা হবে। সবাইকে উক্ত | ১. বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক ফুটবল প্রতিযোগিতা সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | প্রতিযোগিতায় সহযোগিতার জন্য অনুরোধ জানান। | | |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আগামী জুলাই থেকে অত্র উপজেলায় দুগ্ধ প্রকল্পের কার্যক্রম শুরু হবে। বিগত অর্থ বছরে ১,৫১,০০০/- টাকা ভ্যাট সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ২.৫০ কোটি টাকা ব্যয়ে বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতির মালিকানাধীন ভবন নির্মাণ করা হবে। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিক। | ১. দুগ্ধ প্রকল্পসহ অন্যান্য চলমান প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সুবর্ন নাগরিক কার্ড প্রতিবন্ধীদের অনলাইনে ডাক্তার যাচাইয়ের মাধ্যমে ৩১ জুলাই/২০২৩ তারিখের মধ্যে তালিকা জমা দিতে সকলকে অনুরোধ করেন। প্রতি ইউনিয়ন পরিষদ হতে ০২ জন ভিক্ষুকের তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। | নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ জানান যে, ৩০ টাকা কেজি দরে প্রতিজনকে ০৫ কেজি চাউল প্রদান করা হবে। ধান সংগ্রহ কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ১৪ টি মাধ্যমিক বিদ্যালয়ে ৩৮ টি ট্যাব বিতরণ করা হয়েছে। এছাড়া জরিপ কার্যক্রম চলমান রয়েছে। | জরিপ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের সহযোগিতায় অফিসের বকেয়া বিদ্যু বিল পরিশোধ করা হয়েছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন এই অর্থ বছরে ২৩০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এ পর্যন্ত ১০০ জন যুবককে ১০,৪০,০০০/- যুবঋন বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে এবং উপকারভোগী/প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্পের ভবনটি রং করা জরুরী। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | ১কার্যক্রমে গতীশীলতা আনতে হবে<br>২. ভবণটি রং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।<br>২. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২১ | বিবিধ আলোচনা | (ক)উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)<br>জনাব হোসাইন আহমদ বিপ্লব জানান যে,সক্ষমতা যাচাইয়ের ভিত্তিতে শান্তিগঞ্জ উপজেলা ৬ষ্ঠ পর্যায়ে (২০২১-২০২২) ইউজিডিপি প্রকল্পের আওতায় মনোনীত হয়েছে। এ জন্য শান্তিগঞ্জ উপজেলা অতিরিক্ত উন্নয়ন সহায়তা হিসেবে ৪০ লক্ষ টাকা (ভ্যাট ও আইটি ব্যতিত) বরাদ্দ পাবে। ইতিমধ্যে উপজেলা কমিটিগুলোকে প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য বলা হয়েছিল। অধিকাংশ প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে। প্রকল্পগুলোর মধ্যে-বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ , উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এম্বুলেন্স সরবরাহ ও শ্রেণি কক্ষ সম্প্রসারণ সংক্রান্ত প্রকল্প বাস্তবায়নের বিষয়ে প্রাথমিকভাবে আলোচনা করা হয়। সভায় জনাব হোসাইন আহমদ বিপ্লব জানান যে, শ্রেণি কক্ষ সম্প্রসারণের কাজটি সময়সাপেক্ষ বিধায় উক্ত প্রকল্পটি পরবর্তীতে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। প্রাপ্ত ১২ টি উপ-প্রকল্প প্রস্তাবের মধ্যে (পরিশিষ্ট-খ) প্রকল্পগুলোকে সর্বাধিক জনগুরুত্বপূর্ণ হিসেবে উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে অনুমোদন দেওয়া হয় (পরিশিষ্ট-খ)। উল্লেখিত উপ-প্রকল্পগুলো চুড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>(খ) উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৫(গ) অনুযায়ী রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরের ৩০ জুন এর পর উন্নয়ন তহবিলে স্থানান্তরের বিধান রয়েছে। শান্তিগঞ্জ উপজেলার পরিষদের রাজস্ব আয় সীমিত বিধায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও অন্যান্য কর্মচারীদের ব্যয়ভার এবং জরুরী ব্যয় বহনের নিমিত্ত ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিলে রেখে ৩০ জুন তারিখের ব্যাংকস্থিতির অবশিষ্ঠ অর্থ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়িটি (নং-১১-০০৩০) জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জীবগাড়িটি রক্ষণাবেক্ষণ/মেরামত করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ ও উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ জানান যে, অত্র উপজেলার সম্মেলন কক্ষটি আধুনিকায়ন করা হয়েছে। সম্মেলন কক্ষে ০৩ টি এসি ও পর্যাপ্ত লাইটিং এবং সাউন্ড সিস্টেম রয়েছে। বিভিন্ন সরকারি/বেসরকারি/এনজিও/ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/মেলা/ ইত্যাদি কর্মসূচী উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে বিভিন্ন উপজেলার ন্যায় অত্র উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/মেলা/ ইত্যাদি কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে সর্বনিম্ন ১৫০০/-(এক হাজার পাচশত) টাকা অথবা সরকার কর্তৃক | ১. প্রস্তাবিত উপ-প্রকল্পগুলো আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হওয়ায় (বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এম্বুলেন্স সরবরাহ) উপ-প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয় এবং প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবক চুড়ান্ত বাস্তবায়নের সম্মতির জন্য প্রয়োজনীয় কাগজাদি প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলার পরিষদের রাজস্ব আয় সীমিত বিধায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও অন্যান্য কর্মচারীদের ব্যয়ভার এবং জরুরী ব্যয় বহনের নিমিত্ত ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা উপজেলা রাজস্ব তহবিলে রেখে ৩০ জুন তারিখের ব্যাংকস্থিতির অবশিষ্ঠ অর্থ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তর করতে হবে।<br><br>৩. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জীবগাড়িটি রক্ষণাবেক্ষণ/মেরামত করতে হবে।<br>৪. উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে বিভিন্ন উপজেলার ন্যায় অত্র উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার /মেলা/ ইত্যাদি কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে সর্বনিম্ন ১৫০০/-(এক হাজার পাচশত) টাকা অথবা সরকার কর্তৃক নির্ধারত ভেন্যু ভাঁড়া উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমাদানপূর্বক সম্মেলন কক্ষ ব্যবহার করতে হবে। | ১. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br><br>২. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ<br><br>৩. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ<br><br>৪. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | নির্ধারত ভেন্যু ভাঁড়া উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমাদানপূর্বক সম্মেলন কক্ষ ব্যবহারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>ঙ) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ব্যবহৃত এসি ০২ টির ভিতরে ইদুর প্রবেশ করে এসির সার্কিট, ওয়ার, water likege,serkit problem,sement carning cast, service ইত্যাদি কাজ জরুরী ভিত্তিতে মেরামত করা হয়েছে। উক্ত মেরামত বাবদ ২৪৫০০/- টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে পরিশোধ করার বিষয়ে আলোচন করা হয়। | (৫) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ব্যবহৃত এসি ০২ টির ভিতরে ইদুর প্রবেশ করে এসির সার্কিট, ওয়ার, water likege,serkit problem,sement carning cast, service ইত্যাদি কাজের বিল পরিশোধ করতে হবে | ৫. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |
| | | চ) সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা,ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ২.৭ অনুচ্ছেদ অনুযায়ী ১৪৩০ বাংলা সনের হাটবাজার ইজারা বিজ্ঞপ্তিটি ১৯/০১/২০২৩ তারিখ **"দৈনিক সিলেটের ডাক"** ও ১৮/০১/২০২৩ তারিখে **"দৈনিক ভোরের কাগজ"** পত্রিকায় প্রকাশিত হয়। **"দৈনিক সিলেটের ডাক"** পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ ১০,৩৩৬/- টাকা। **""দৈনিক ভোরের কাগজ""** পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ ২৪,৮৪০/- টাকা। হাটবাজারের দরপত্র প্রস্তুত ও আনুষাঙ্গিক ব্যয়ের ১৮,৬৫০/- টাকা পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৬) **"দৈনিক সিলেটের ডাক"** পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ ১০,৩৩৬/- টাকা। **""দৈনিক ভোরের কাগজ""** পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ ২৪,৮৪০/- টাকা। হাটবাজারের দরপত্র প্রস্তুত ও আনুষাঙ্গিক ব্যয়ের ১৮,৬৫০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৬. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |
| | | (ছ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ এর বাসভবনের দরজার মেরমত বাবদ ভ্যাট ও আইটি ব্যতিত ৪৩০০/- টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে পরিশোধ করার বিষয়ে আলোচনা করা হয়। | ৭. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ এর বাসভবনের দরজার মেরমত বাবদ ভ্যাট ও আইটি ব্যতিত ৪৩০০/- টাকা পরিশোধ করতে হবে। | ৭. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |
| | | (জ) পাথারিয়া বাজারের যাত্রী ছাউনির ভূমি মালিকানাধীন দাবী করে অসিত বরণ দাস, পিতা-মৃত-অমলেন্দু শেকড় দাস, সাং-তালুকগাও,ইউনিয়ন-পাথারিয়া, উপ-শান্তিগঞ্জ যাত্রী ছাউনিটি অপসারণ করার জন্য আবেদন করেন। আবেদনের আলোকে প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি),শান্তিগঞ্জকে পত্র প্রেরণ করা হয়। সহকারী কমিশনার (ভূমি),শান্তিগঞ্জ কর্তৃক প্রতিবেদনে দেখা যায় যে, ১৬ নং জেএলস্থিত পাথারিয়ার মৌজার ২০৭৫ নং খতিয়ানের ৪৬৮৬ নং দাগের অত্র খতিয়ানের ০.১০ একর ভূমির মধ্যে ০.০০৮৭ একর ভূমিতে উপজেলা পরিষদ, সুনামগঞ্জ কর্তৃক যাত্রী ছাউনিটি আবেদনকারীর মালিকানাধীণ ভূমিতে নির্মাণ করা হয়েছিল। তবে বিগত প্রায় ২১ বছর পূর্বে নির্মিত যাত্রী ছাউনীটি বর্তমানে পাবলিক ইজম্যান্ট বা জনসাধরণের ব্যবহার্য্য স্থাপনা হিসেবে ব্যবহৃত হচ্ছে। নির্মাণকালীন নালিশা জায়গাটি জোপঝাড়ে পরিপূর্ণ ও রাস্তার পাশ্ববর্তী ছিল এবং স্থানীয় জনগণের চাহিদার প্রেক্ষিতে যাত্রী ছাউনি নির্মাণ করা হয়েছিল। | ৮. পাথারিয়া বাজারের যাত্রী ছাউনির ভূমি মালিকানাধীন দাবী করে অসিত বরণ দাস, পিতা-মৃত-অমলেন্দু শেকড় দাস, সাং-তালুকগাও,ইউনিয়ন-পাথারিয়া, উপ-শান্তিগঞ্জ যাত্রী ছাউনিটি অপসারণ সংক্রান্ত বিষয়ে যাবতীয় কাগজাদিসহ উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ মহোদয় বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | ৮. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে নির্দেশনা চেয়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ মহোদয় বরাবরে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ১২৭

তারিখ: ১৩/০৭/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা .................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েব পোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা.........................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

# উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ২৮/০১/২৬ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | নূর হোসেন | 01722454874 | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | [illegible] | 01737913661 | [signature] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | ডাঃ মোহাম্মদ মোকাদ্দেস হোসেন | 01716788123 | [signature] |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | | | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | [illegible] | 01774454233 | [signature] |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | খন্দকার মোহাম্মদ আহমেদ | 01602476111 | [signature] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | [illegible] | 01708-161681 | [signature] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | | | |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [illegible] | 01718-[illegible] | [signature] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মোঃ নূরে আলম সিদ্দিকী | 01717-042369 | [signature] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] | [illegible] | [signature] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | | | |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দীপ বিশ্বাস | 01758132839 | [signature] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মোঃ সাইদুর রহমান | 01717468171 | [signature] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | হাসান কবির | 01933163362 | [signature] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | মো. মাসুদ সরকার | 0167338[illegible] | [signature] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | খন্দকার মুনতাসির মামুন | 01728-997017 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | মো: আব্দুর [illegible] | | [illegible] |
| ১৯ | উপজেলা আনসার ও বিডিপি কর্মকর্তা | নেহার রানী চৌধুরী | 01754139562 | [illegible] |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | বকুল দেবনাথ | [illegible] | [illegible] |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | [illegible] | 01788875040 | [illegible] |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | মো. সাইফুল ইসলাম | 01795704856 | [illegible] |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | | 01708797 68 44 | [illegible] |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | [illegible] | [illegible] | [illegible] |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | নুরুল ইসলাম | 01729587797 | [illegible] |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | মো: [illegible] | 01730128629 | [illegible] |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | মো: [illegible] | 01748[illegible] 944 | [illegible] |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | | | |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৪. | | মো: নাদির হোসেন Ag.m | 01769407240 | [illegible] |
| ৩৫ | | | | |